

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

স্মারক নং দুদক/গবেষণা/শুদ্ধাচার/(অংশ-৩)/০১/১৩/ ২৭৫৪৬ (৫)

তারিখ: ২৬/৯/২০১৭ খ্রি:।


বিষয়: প্রকল্প/কর্মসূচি সমূহের উপর সামাজিক নিরীক্ষা বিষয়ক খসড়া নীতিমালা ওয়েবসাইটে প্রকাশ করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার নিমিত্ত বিভিন্ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হয়ে থাকে। প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য সামাজিক নিরীক্ষা প্রচলনের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

উক্ত খসড়া নীতিমালাটির উপর আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মতামত/পরামর্শ প্রদানের অনুরোধ করে তা কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা অনুযায়ী ০৫ (পাঁচ) পাতা।

✓ জনাব রাজিব হাসান
সিস্টেম এনালিস্ট
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা


ফরিদ আহমদ
পরিচালক (গবেষণা ও পরীক্ষণ)
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান এর সানুগ্রহ অবগতির জন্য)।
- ৩। কমিশনার (অনুসন্ধান/তদন্ত) এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৪। সচিব-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে সামাজিক নিরীক্ষা বিষয়ক খসড়া নীতিমালা :

সরকারের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার শর্তাদি অপূর্ণ থাকায় অভীষ্ট লক্ষ্য অর্জন করা অনেক ক্ষেত্রেই সম্ভব হচ্ছে না। বিভিন্ন প্রকল্প/কর্মসূচী প্রণয়ন পদ্ধতি ও এর বাস্তবায়নের ক্ষেত্রে বিদ্যমান দুর্বল দিকসমূহ পরিহার করা সম্ভব না হলে প্রকল্পের প্রত্যাশিত ফলাফল অর্জন করা সম্ভব নয়। তাই প্রকল্প/কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে জনবান্ধব, দায়বদ্ধ ও স্বচ্ছ পদ্ধতি অনুসরণ করা একান্ত আবশ্যিক মর্মে কমিশন মনে করে। এক্ষেত্রে সামাজিক নিরীক্ষা (Social Audit) ঈঙ্গিত লক্ষ্য বাস্তবায়নে ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

উল্লেখ্য, সামাজিক নিরীক্ষা এমন একটি প্রক্রিয়া যার দ্বারা বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচী এর সুবিধাভোগীগণ প্রকৃতপক্ষে উপকৃত হয়েছেন কিনা, তা নির্ধারণের জন্য সমাজের গ্রহণযোগ্য প্রতিষ্ঠিত ব্যক্তিগণ সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা নিরীক্ষণ করা হয়ে থাকে। এর মাধ্যমে প্রকল্পের লক্ষ্য ও প্রকৃত অর্জনের ফলাফলের মধ্যে দূরত্ব কমানো যায়। সামাজিক নিরীক্ষা পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি অনুসরণ করা যেতে পারে :

(ক) প্রস্তুতিপর্ব:

- (১) সামাজিক নিরীক্ষার জন্য মজুদ বহি, পরিমাপ বহিসহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয়করণ;
- (২) সামাজিক নিরীক্ষার কাজে নিযুক্ত ব্যক্তিদের প্রশিক্ষিতকরণ;
- (৩) তথ্যসমূহ সহজবোধ্যকরণের নিমিত্ত নির্ধারিত কাঠামোবদ্ধকরণ;

(খ) সামাজিক নিরীক্ষা :

- (১) তথ্য/রেকর্ডপত্র সংগ্রহপূর্বক পর্যালোচনা।
- (২) সামাজিক নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট স্থান সরেজমিনে পরিদর্শন।
- (৩) মাঠকর্মী, ইউনিয়ন পরিষদের সদস্য এবং অন্যান্য সদস্যদের প্রয়োজনীয় সাক্ষ্য গ্রহণ।
- (৪) ফোকাস গ্রুপ ডিসকাশন (Focus Group Discussion): প্রতিবেদন চূড়ান্তকরণের নিমিত্ত সদস্যদের মধ্য হতে প্রাপ্ত তথ্য নিয়ে উন্মুক্ত আলোচনা।

(গ) পাবলিক ফোরাম :

- (১) প্রকল্প পরিচালকের সভাপতিত্বে মাসিক সভা আয়োজন;
- (২) বর্ণিত সভায় সামাজিক নিরীক্ষার জন্য কমিটির সদস্য, কর্মীবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারের অংশ গ্রহণ;
- (৩) প্রত্যেক সামাজিক নিরীক্ষা দল বিভিন্ন অংশী জনের মধ্যে প্রাপ্ত তথ্য শেয়ারকরণ;
- (৪) ছোট ছোট সমস্যা তাৎক্ষণিক সমাধান;
- (৫) উৎকৃষ্ট উদাহরণকে স্বীকৃতি প্রদানের ব্যবস্থাকরণ;

